# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৩০

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১. পানিতে নাপাক মিশ্রিত হলে তার হুকুম

بَابُ حُكْمِ الْمَاءِ إِذَا لاَقَتْهُ النَّجَاسَةُ

আরবী

نَا الْحَسَنُ بْنُ أَحْمَدَ بْنِ صَالِحٍ الْكُوفِيُّ ، نَا عَلِيُّ بْنُ الْحَسَنِ بْنِ هَارُونَ الْبَلَدِيُّ ، نَا إِسْمَاعِيلُ بْنُ الْحَسَنِ الْحَرَّانِيُّ ، نَا أَيُّوبُ بْنُ خَالِدٍ الْحَرَّانِيُّ ، نَا مُحَمَّدُ بْنُ عُلْوَانَ ، عَنْ نَافِعٍ ، عَنِ ابْنِ عُمَرَ ، قَالَ : خَرَجَ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ فِي بَعْضِ أَسْفَارِهِ فَسَارَ لَيْلًا ، فَمَرُّوا عَلَى رَجُلٍ جَالِسٍ عِنْدَ مَقْرَاةٍ لَهُ ، فَقَالَ عُمَرُ : يَا صَاحِبَ الْمَقْرَاةِ ، أَوَلَغَتِ السِّبَاعُ اللَّيْلَةَ فِي مَقْرَاتِكَ ؟ فَقَالَ لَهُ النَّبِيُّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ : " يَا صَاحِبَ الْمَقْرَاةِ لَا تُخْبِرْهُ هَذَا مُكَلِّبٌ ، لَهَا مَا حَمَلَتْ فِي بُطُونِهَا ، وَلَنَا مَا بَقِيَ : شَرَابٌ وَطَهُورٌ

বাংলা

৩০। হাসান ইবনে আহমাদ ইবনে সালেহ আল-কূফী (রহঃ) ... ইবনে উমার (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রাতে তাঁর কোন এক সফরে বের হলেন। তাঁরা এক ব্যক্তিকে অতিক্রম করলেন, যে তার কূপের পাশে বসা ছিল। উমার (রাঃ) বললেন, হে কূপের মালিক! তোমার কূপ থেকে নিশাচর হিংস্র জন্তু পানি পান করে কি? নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লোকটিকে বললেনঃ হে কূপের মালিক! তাকে কিছু অবহিত করো না। এগুলো পিপাসার্ত। এগুলো যা পেটে পুরে নিয়ে যায় তা তাদের এবং অবশিষ্টগুলো আমাদের পান করার উপযোগী ও পবিত্র।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন | বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=79819

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন